

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কুরআনের মু'জেযা হওয়ার প্রমাণ সমূহ- ১৯. সর্বাধিক পঠিত ইলাহী গ্রন্থ (الكتاب الإلهي الأكثر قراءة)

কুরআন পৃথিবীর সর্বাধিক পঠিত ও প্রচারিত ইলাহী গ্রন্থ। আল্লাহ বলেন, وَكِتَابِ مَسْطُوْر، فِيْ رَقِ مَنْشُوْر 'কসম ঐ কেতাবের যা লিখিত হয়েছে' 'বিস্তৃত পত্রে' (তূর ৫২/২-৩)। এখানে কুরআন মজীদের তিনটি বিশেষণ বর্ণিত হয়েছে- 'কিতাব' (গ্রন্থ), 'মাসতূর' (লিখিত) এবং 'মানশূর' (বিস্তৃত)। বস্তুতঃ কুরআন সর্বাধিক উচ্চারিত ও বিস্তৃত গ্রন্থ এ কারণে যে, তা মানুষের মুখে মুখে প্রচারিত হয়েছে। কুরআন প্রচারের জন্য কোন প্রিন্ট বা ইলেকট্রনিক মিডিয়া অপরিহার্য নয়। যেকোন মুমিন কুরআন মুখস্থ করে সর্বত্র ছড়িয়ে দিতে পারে। ফলে যতদিন পৃথিবীতে মুসলমান থাকবে, ততদিন পৃথিবীতে কুরআন থাকবে ইনশাআল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5791

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন